

**“চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন : সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের
মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্পে ১২/১২/২০১৭ তারিখে মীরসরাই উপজেলার ০৫ নং ইউনিয়ন এ অনুষ্ঠিত
PRA সেশনের প্রতিবেদন**

- | | |
|---|---|
| প্রকল্পের নাম | ঃ “চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন : সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি
ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্প |
| PRA সেশন অনুষ্ঠিত
হওয়ার তারিখ, সময় ও
স্থান | ঃ ১২/১২/২০১৭ তারিখে মীরসরাই উপজেলার ০৫ নং ইউনিয়ন এ সকাল ১০.৩০ ঘটিকায় ইউনিয়ন
পরিষদের সম্মেলন কক্ষে PRA সেশন অনুষ্ঠিত হয়। |
| উপস্থিতির তালিকা | ঃ PRA সেশন এ উপস্থিতির তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত করা হলো। |
| আলোচনা | ঃ “চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনাপ্রণয়নঃ সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি
ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্পের প্ল্যানার প্রকল্পের সার্বিক বিষয়াদি সম্পর্কে ধারণা প্রদান
করেন। আলোচনার শুরুতে তিনি আনুষ্ঠানিক পরিচয়পর্ব পরিচালনা করেন। এরপর তিনি নগর উন্নয়ন
অধিদপ্তরের কার্যক্রম এবং মীরসরাই উপজেলার জন্য চলমান উন্নয়ন প্রকল্প সম্পর্কে উপস্থিতি জনগণকে
অবহিত করেন। তিনি উল্লেখ করেন যে ঢাকার সাথে উন্নত যোগাযোগ ব্যবস্থা ও নির্মাণাধীন অর্থনৈতিক
অঞ্চলের ফলে জনসংখ্যা বৃদ্ধিসহ সম্ভাব্য সৃষ্টি অন্যান্য সমস্যা মোকাবেলায় মীরসরাই উপজেলার জন্য
যথাযথ পরিকল্পনার প্রয়োজন। আর পরিকল্পনার জন্য মীরসরাই অধিবাসীদের সহযোগিতার প্রয়োজন।
তিনি উপস্থিতি সদস্যদের তাদের স্ব-স্ব এলাকার সমস্যাগুলো উপস্থাপন করার অনুরোধ করেন। পিআরএ
সেশনে উপস্থিতি সদস্যরা এলাকায় জলাবদ্ধতা হয়ে থাকে বলে জানান। বৃষ্টি হলে প্রায় সময় এলাকায় ৫
ফুট পর্যন্ত পানি জমে যায় বলে তারা জানান। প্রায় ৩ ঘণ্টা পানি জমে থাকে। ইউনিয়নের প্রধানতম সমস্যা
হিসেবে এলাকাবাসী এই জলাবদ্ধতার পাশাপাশি বিশুদ্ধ পানির অভাবের কথা উল্লেখ করেছেন। পানিতে
প্রচুর পরিমাণ আয়রনের পাশাপাশি কোথাও কোথাও পানিতে আর্সেনিকের উপস্থিতি পাওয়া যায়। এছাড়া
ইউনিয়নে পর্যাপ্ত পরিমাণ শিক্ষা প্রতিষ্ঠানের অভাব রয়েছে বলে অবহিত করেন সেশনে অংশগ্রহণকারীগণ।
ইউনিয়ন এ কোন উন্নত হাসপাতাল নেই বলে এলাকাবাসী উল্লেখ করেন। তারা বলেন নিকটস্থ স্বাস্থ
কমপ্লেক্স তাদের ইউনিয়ন থেকে অনেক দূরে অবস্থিত। এছাড়া বিদ্যমান স্বাস্থ কমপ্লেক্সের চিকিৎসা সুবিধা
খুব অগ্রভূত। এলাকাবাসী ইউনিয়ন ভিত্তিক বেশকিছু নাগরিক সুবিধাদি প্রয়োজন বলে উল্লেখ করেন
যেমনঃ কেন্দ্রীয় পার্টাগার, কেন্দ্রীয় খেলার মাঠ, কবরস্থান, বাস স্ট্যান্ড, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি।
এছাড়া ইউনিয়নে প্রচুর পরিমাণে সিএনজি চলাচল করে বিধায় কয়েকটি স্থায়ী সিএনজি স্ট্যান্ড দরকার বলে
জানান তারা। এছাড়া, পর্যাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের অভাব, ক্রমাগত কৃষি ভূমি হ্রাস ইত্যাদি নানা সমস্যার
কথা তুলে ধরেন এলাকাবাসী। পিআরএ সেশনে সমস্যাবলী বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়- |
| প্রাণ্ত সমস্যাসমূহ | ঃ ১। পাহাড়ী ঢলে জলাবদ্ধতা
২। আধুনিক হাসপাতাল নেই
৩। অপ্রসং্গ ও ক্ষতিগ্রস্ত সড়ক
৪। সুনির্দিষ্ট খেলার মাঠ নেই
৫। মাদক সমস্যা
৬। বিশুদ্ধ পানির সমস্যা
৭। পাহাড়ী ঢলে কৃষি জমিতে বালু জমে ফসলী জমির ক্ষতি
৮। কৃষির উৎপাদন কমে যাচ্ছে
৯। অপরিকল্পিত আবাসন সমস্যা
১০। পর্যাপ্ত প্রাথমিক বিদ্যালয় নেই
১১। তীব্র বেকার সমস্যা
১২। বিশুদ্ধ পানির সমস্যা
১৩। সিএনজি স্ট্যান্ড দরকার |

পিআরএ সেশনে উল্লেখিত প্রতিটি সমস্যার সমাধানের বিষয়েও আলোচনা করা হয়, সমস্যাগুলোর সমাধান নিয়ে আলোচনা
করা হয়। উপস্থিতি সদস্যদের ইউনিয়ন এ প্রয়োজনীয় সুবিধাসমূহের সম্ভাব্য অবস্থান সরবরাহকৃত মানচিত্রে প্রদর্শন করার জন্য অনুরোধ
জানানো হয়। প্রাথমিক বিদ্যালয়, হাসপাতাল, সিএনজি স্ট্যান্ড ইত্যাদি স্থাপনের সম্ভাব্য জায়গা উপস্থিতি সদস্যগণ সংশ্লিষ্ট মানচিত্রে
এঁকে দেখান।